দৈনিক ইত্তেফাক 21

তারিখ 27 FEB 1997
পৃষ্ঠা ১ কলাম ৬

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনে নয়া নীতিমালা প্রণয়নের উদ্যোগ

**মোড়ল নজরুল ইসলাম ॥** দেশে বেসরকারী উদ্যোগে স্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিষ্ঠার ক্ষেত্রে একটি যুগোপযোগী নীতিমালা তৈরী করা হইতেছে। সরকার দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে মোট বেতন ভাতার সর্বোচ্চ ৮০ ভাগ অনুদান দিয়া থাকেন। ফলে গত কয়েক বছরে এই অনুদানের আশায় অনেকক্ষেত্রে অপ্রয়োজনীয় স্থানে নামমাত্র ছাত্র-ছাত্রী ও অপ্রতুল

( ২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান

( ১ম পৃঃ পর )

সুযোগ-সুবিধা লইয়া বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা গড়িয়া উঠিয়াছে শিক্ষামন্ত্রণালয় সূত্রে বলা হয়, দেশের প্রকৃত চাহিদার নিরিখে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন সংক্রান্ত প্রচলিত নীতিমালা অধিকতর স্বচ্ছ ও যুগোপযোগী করার জন্য সরকার নীতিমালা প্রণয়ন করিতেছেন। ইতিমধ্যে নীতিমালার খসড়া চূড়ান্ত হইয়াছে। অচিরেই মন্ত্রী পরিষদের অনুমোদন সাপেক্ষে নূতন নীতিমালা চালু হইবে। সূত্রটির মতে এই নীতিমালা বাস্তবায়িত হইলে কোন অবস্থাতেই 'ব্যাকডোর' দিয়া শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের সুযোগ থাকিবে না।

জানা যায়, সাম্প্রতিককালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের পরীক্ষা পাসের হারের নিম্নগতিতে সরকারের শীর্ষ পর্যায় হইতে উদ্বেগ প্রকাশ করায় শিক্ষা মন্ত্রণালয় হইতে নতুন স্কুল, কলেজ ও মাদ্রাসা স্থাপন ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে নীতিমালা প্রণয়নের উদ্যোগ নেয়। প্রস্তাবিত নূতন নীতিমালা অনুযায়ী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ন্যূনতম শর্ত হইবে, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের (৬ষ্ঠ-৮ম) ক্ষেত্রে পৌর ও শিল্প এলাকায় একটি প্রতিষ্ঠান হইতে অপর প্রতিষ্ঠানের দূরত্ব ১ কিলোমিটার। মফস্বল এলাকায় ৩ কিলোমিটার হইতে হইবে। প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ৮০০০, ন্যূনতম শিক্ষার্থী সহশিক্ষা প্রতিষ্ঠানে শহর এলাকায় ২ শত, মফস্বল এলাকায় ১৫০ জন, বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে ১৮০ (শহর এলাকা) ও ১২০ মফস্বল এলাকার জন্য। নিজস্ব জমির পরিমাণ থাকিতে হইবে দশমিক ২৫ একর (মেট্রো এলাকা), দশমিক ৫০ একর (পৌর এলাকা) এবং দশমিক ৭৫ একর মফস্বল এলাকা। ইহাছাড়া নিজস্ব পাকা/আধাপাকা বিদ্যালয় ভবন (ছাত্রপ্রতি ১ বর্গমিটার এবং ন্যূনতম ১০০০ বর্গ মিটার)। অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী, লাইব্রেরীর ১ হাজার বই, ৬০ হাজার টাকার সংরক্ষিত ও সাধারণ তহবিল। মাধ্যমিক ও (৯ম ও ১০ম) এবং দাখিল মাদ্রাসা (১ম-১০ম) স্থাপনের ক্ষেত্রে পূরণীয় শর্ত: প্রতিষ্ঠান হইতে প্রতিষ্ঠানের দূরত্ব ১ কিলোমিটার (পৌর ও শিল্প এলাকা) ও ৪ কিলোমিটার (মফস্বল এলাকা), প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ১০ হাজার, ন্যূনতম শিক্ষার্থী সহশিক্ষা প্রতিষ্ঠানে ৩০০ জন (শহর এলাকা), ২৫০জন (মফস্বল এলাকা) এবং শুধু বালিকাদের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৫০ জন (শহর এলাকা) ও ২৫০ জন মফস্বল এলাকা। নিজস্ব জমির পরিমাণ দশমিক ৩০ একর (মেট্রো), দশমিক ৭৫ একর পৌর এলাকা ও ১ একর মফস্বল এলাকা। ৫০ হাজার টাকার সংরক্ষিত তহবিল ও ৩০ হাজার টাকার সাধারণ তহবিল থাকিতে হইবে। মহাবিদ্যালয় ও আলীম মাদ্রাসার ক্ষেত্রে প্রতিষ্ঠান হইতে প্রতিষ্ঠানের দূরত্ব ২ কিলোমিটার (পৌর ও শিল্প এলাকা), ৬ কিলোমিটার মফস্বল এলাকা, প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ৭৫ হাজার। শিক্ষার্থীর সংখ্যা সংখ্যা সহশিক্ষা প্রতিষ্ঠানে ২৫০ জন (শহর এলাকা) ও ২০০ জন (মফস্বল এলাকা), শুধু বালিকাদের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২০০ জন (শহর এলাকা) ১৫০ জন (মফস্বল), উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয়ে ১২০ জন (শহর এলাকা), ১০০ জন (মফস্বল এলাকা)। মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে সহশিক্ষা প্রতিষ্ঠানে ৪০০ জন (শহর এলাকা), ৩০০ জন (মফস্বল এলাকা), শুধু বালিকাদের মাদ্রাসায় ৩০০ জন শহর এলাকায় ও ২৫০ জন মফস্বল এলাকার জন্য। মহাবিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে ১ লক্ষ টাকার সংরক্ষিত তহবিল ও ৫০ হাজার টাকার সাধারণ তহবিল এবং মাদ্রাসার জন্য ৬০ হাজার ও ৪০ হাজার টাকার তহবিল। ইহাছাড়া প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য সংস্কৃতি, বৃক্ষরোপণ, স্কাউটিং, গার্লগাইড, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করিতে হইবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত বিধিমালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্বতন্ত্র লাইব্রেরী ও পর্যাপ্তসংখ্যক পাঠ্য সহায়ক বই থাকিতে হইবে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, নূতন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাবিত শর্তবলী চূড়ান্ত অনুমোদনের পূর্বে আরও কয়েক দফা বৈঠকের পর কিছু কিছু ক্ষেত্রে পরিবর্তন হইতে পারে। তবে শীঘ্রই নীতিমালা চূড়ান্ত হইবে।